# নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০০৬

## ২০০৬ সনের ২১ নং আইন

[১৯ জুন ২০০৬]

**২০০৬ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন।**

যেহেতু ২০০৬ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

সংক্ষিপ্ত শিরোনাম

**১।** এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০০৬ নামে অভিহিত হইবে।

২০০৫-০৬ অর্থ বৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ২৫১৬,৫১,০৯,০০০ টাকা প্রদান

**২।** ২০০৬ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫এ উল্লিখিত দুই হাজার পাঁচশত ষোল কোটি একান্ন লক্ষ নয় হাজার টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

নির্দিষ্টকরণ

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০০৬ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরে এই আইনের তফসিলের কলাম ২এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

### তফসিল

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

**(অঙ্কসমূহ হাজার টাকায়)**

| মঞ্জুরী নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | **অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়** | | | |
| | রাষ্ট্রপতির কার্যালয় | ৯,৯৫ | ০ | ৯,৯৫ |
| ০১ | জাতীয় সংসদ | ২,৬৯,৩৬ | ৭,০৩,০০ | ৯,৭২,৩৬ |
| ০২ | প্রধানমন্ত্রীর কার্যালয় | ০ | ৪,৫৫,৩১ | ৪,৫৫,৩১ |
| ৪৮ | নির্বাচন কমিশন সচিবালয় | ৬৫,৭৪,৫০ | ১,০৪,০০ | ৬৬,৭৮,৫০ |

**তফসিল**

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

**(অঙ্কসমূহ হাজার টাকায়)**

| মঞ্জুরী নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | **অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়** | | | |
| ০৪ | সংস্থাপন মন্ত্রণালয় | ০ | ১২,৬৫,৭০ | ১২,৬৫,৭০ |
| ০৫ | সরকারী কর্ম কমিশন | ৮৯,৮২ | ০ | ৮৯,৮২ |
| ০৬ | অর্থ বিভাগ | ০ | ৩৯,০২,০০ | ৩৯,০২,০০ |
| ০৭ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ০ | ১৬,০৯,২১ | ১৬,০৯,২১ |
| ০৮ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ২৬৮,০০,০০ | ২,১২,৫৬ | ২৭০,১২,৫৬ |
| ১০ | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ০ | ২,০৫,১০ | ২,০৫,১০ |
| ১১ | বাণিজ্য মন্ত্রণালয় | ০ | ২,৩৭,৭৬ | ২,৩৭,৭৬ |
| ১২ | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ১১৩৭,১৮ | ১১৩৭,১৮ |
| ১৩ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ২৭৯,৪০,০০০ | ৫০,৫০,৪৫ | ৩২৯,৯০,৪৫ |
| ১৪ | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | ০ | ২০,৪৫,৭৮ | ২০,৪৫,৭৮ |
| ১৫ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ৮৩ | ২২৯,৯৬,৯১ | ২২৯,৯৭,৭৪ |
| ১৬ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ০ | ২৩,৮৬,০৩ | ২৩,৮৬,০৩ |
| ১৭ | শিক্ষা মন্ত্রণালয় | ০ | ৬২,৯০,৯৬ | ৬২,৯০,৯৬ |
| ১৮ | বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | ০ | ৮১,৮৮ | ৮১,৮৮ |
| ১৯ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ০ | ৯৮,১৭ | ৯৮,১৭ |
| ২০ | সমাজ কল্যাণ মন্ত্রণালয় | ০ | ১৫,৩৬,০২ | ১৫,৩৬,০২ |
| ২২ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ১৮,০৪,০০ | ১৮,০৪,০০ |
| ২৩ | গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | ০ | ১৯,৪৫,২০ | ১৯,৪৫,২০ |
| ২৪ | তথ্য মন্ত্রণালয় | ০ | ৭,৮১,১৮ | ৭,৮১,১৮ |
| ২৫ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৯,০৮,৭১ | ৯,০৮,৭১ |
| ২৬ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৫০,২৫,১৭ | ৫০,২৫,১৭ |
| ২৭ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০ | ৯,৯৮,০১ | ৯,৯৮,০১ |
| ২৮ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ২১৫,৯৮,৮৬ | ২১৫,৯৮,৮৬ |
| ৩০ | শিল্প মন্ত্রণালয় | ০ | ৯৮,৭৫ | ৯৮,৭৫ |
| ৩১ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০ | ১২০,৮৮,৪০ | ১২০,৮৮,৪০ |

**তফসিল**

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

**(অঙ্কসমূহ হাজার টাকায়)**

| **মঞ্জুরী নং** | **কার্য ও উদ্দেশ্যসমূহ** | **অনধিক টাকা** | | |
|---|---|---|---|---|
| | **হিসাবের প্রধান খাতসমূহ** | **সংযুক্ত তহবিলের উপর দায়** | **সংসদ কর্তৃক ভোটে গৃহীত** | **মোট** |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** |
| | **অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়** | | | |
| ৩৩ | কৃষি মন্ত্রণালয় | ০ | ৬৫৩,৪৭,০২ | ৬৫৩,৪৭,০২ |
| ৩৫ | পরিবেশ ও বন মন্ত্রণালয় | ০ | ৮,১৫,৬৫ | ৮,১৫,৬৫ |
| ৩৬ | ভূমি মন্ত্রণালয় | ০ | ৪,৩৯,২৯ | ৪,৩৯,২৯ |
| ৩৯ | যোগাযোগ মন্ত্রণালয় | ০ | ১৬,০১,৬৩ | ১৬,০১,৬৩ |
| ৪০ | নৌ-পরিবহন মন্ত্রণালয় | ০ | ১৮,২৩,২৯ | ১৮,২৩,২৯ |
| ৪২ | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | ৭৫,২৫,০০ | ৩৫,১৬,২৫ | ১১০,৪১,২৫ |
| ৪৩ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১,৬৬,৬৮ | ১,৬৬,৬৮ |
| ৪৪ | বিদ্যুৎ বিভাগ | ০ | ১২৭,১৪,৪৬ | ১২৭,১৪,৪৬ |
| | সুপ্রীম কোর্ট | ৩,০৭,০৬ | ০ | ৩,০৭,০৬ |
| ৪৫ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১,৪৪,০০ | ১,৪৪,০০ |
| **মোট সম্পূরক মঞ্জুরী দাবী:** | | **৬৯৫,১৬,৫২** | **১৮২১,৩৪,৫৭** | **২৫১৬,৫১,০৯** |